# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 20-02-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে এআই ও ডিপটেক সংস্থাগুলির CEOদের সঙ্গে এক গোল টেবিল বৈঠকে মিলিত হন। বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম মেধার অসীম সম্ভাবনা নিয়ে তিনি আলোচনা করেছেন।

২) ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে প্যাক্স সিলিকা ঘোষণাপত্র আজ স্বাক্ষরিত হয়েছে।

ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, এই জোট ভারতের সেমি কন্ডাক্টর ইকো সিস্টেম প্রতিষ্ঠায় সহায়ক হবে।

৩) ভারতে মার্কিন রাষ্ট্রদূত সার্জিওগোর বলেছেন, প্যাক্স সিলিকার লক্ষ্য হলো ভারত – মার্কিন মুক্ত বাজারকে শক্তিশালী করা।

৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ ত্রিপুরার আগরতলায় যৌথ আঞ্চলিক সরকারী ভাষা সম্মলনের উদ্বোধন করবেন।

৫) পশ্চিমবঙ্গে SIR বিরোধীতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকদের বিরুদ্ধে দায়ের করা মামলায় সুপ্রিমকোর্টে আজ ফের শুনানী হবে।

৬) আই সি সি টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে আজ গ্রুপপর্বের শেষ ম্যাচে অস্ট্রেলিয়া, ওমানের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে এ আই ও ডিপটিক সংস্থার সঙ্গে এক গোল টেবিল বৈঠকে মিলিত হন। এই বৈঠকে প্রধানমন্ত্রী কৃষিক্ষেত্র, পরিবেশ সুরক্ষা, মাতৃভাষার মাধ্যমে উচ্চ শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম মেধার অসীম সম্ভাবনার নিয়ে আলোচনা করেন।

oooooooooooooooooooooo

নতুন দিল্লীর ভারত মণ্ডপমে ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট-এর পঞ্চম দিনে আজ লিডার্স' ডিক্লারেশন গৃহীত হবে। আন্তর্জাতিক ক্ষেত্রে AI পরিচালনা ও সহযোগিতার জন্য যৌথ অঙ্গীকার এবং একটি অভিন্ন রোডম্যাপ তুলে ধরা হবে। এ উপলক্ষে উচ্চপর্যায়ের GPAI *কাউন্সিলের বৈঠক* হবে। সদস্য দেশগুলো দায়িত্বশীল ও অন্তর্ভুক্তিমূলক AI সহযোগিতা জোরদার করার বিষয়ে পর্যালোচনা করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল আনুষ্ঠানিকভাবে সম্মেলনের উদ্বোধন করেন এবং বিশ্বনেতাদের স্বাগত জানান। সম্মেলনে অংশ নিচ্ছেন AI ক্ষেত্রের পাঁচ শতাধিক নেতৃত্ব, শতাধিক প্রতিষ্ঠাতা ও মুখ্য কার্য্যনির্বাহী আধিকারিক, ১৫০ জন শিক্ষাবিদ ও গবেষক এবং প্রায় ৪০০ জন প্রযুক্তি কর্মকর্তা।

প্রদর্শক, উদ্ভাবক ও দর্শকদের বিপুল সাড়া পাওয়ায় *ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট এক্সপো* আগামীকাল পর্যন্ত খোলা থাকবে।

oooooooooooooooooooo

ভারত ও আমেরিকার মধ্যে প্যাক্স সিলিকা ঘোষণাপত্র আজ স্বাক্ষরিত হয়েছে। এই প্রসঙ্গে কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, সেমি কন্ডাক্টর যোগান শৃঙ্খল, সেমি কন্ডাক্টর উৎপাদন ও চিপ ডিজাইনের ক্ষেত্রে এই চুক্তি বিশেষ গুরুত্বপূর্ণ।

(বাইট – অশ্বিনী/প্যাক্স সিলিকা)

সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, এই জোট ভারতে সম্পূর্ণ সেমি কান্ডাক্টর ইকো সিস্টেম প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়ক হবে। পাশাপাশি তা ইলেক্টনিক্স ক্ষেত্রকেও সুবিধা দেবে। শ্রী বৈষ্ণ বলেন, সমগ্র বিশ্ব এখন ভারতকে বিশ্বাস করে। কারণ ভারতের বিশ্বাসযোগ্য বিদেশনীতি ও বিরাট মেধা ভান্ডার।

খুব শীঘ্রই ভারত বাণিজ্যিক উৎপাদনের জন্য প্রথম সেমি কন্ডাক্টর প্রকল্পের কাজ শুরু করবে।

oooooooooooooooooooooooooo

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ঘোষণাপত্র স্বাক্ষর অনুষ্ঠানে ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সের্জিও গোর বলেন, বাণিজ্য চুক্তি থেকে শুরু করে প্যাক্স সিলিকা, প্রতিরক্ষা সহযোগিতাসহ নানা ক্ষেত্রে

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের একসঙ্গে কাজ করার অসীম সম্ভবনা রয়েছে। তিনি উল্লেখ করেন যে 'প্যাক্স সিলিকা'র লক্ষ্য হলো মুক্ত বাজারকে শক্তিশালী করে এমন বিশ্বস্ত শিল্প অংশীদারিত্বের মাধ্যমে নির্ভরতা স্থাপন করা।

(বাইট –গোর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত ও আমেরিকার মধ্যে প্যাক্স-সিলিকা ঘোষণাপত্র স্বাক্ষরের পর সেদেশের অর্থনৈতিক বিষয়সংক্রান্ত বিদেশ সচিব জেকব হেলবার্গ বলেছেন, এই চুক্তি দুদেশের মধ্যে ভবিষ্যতে উদ্ভাবন ও অংশীদারিত্ব বিষয়ে প্রতিনিধিত্ব করবে। দুই দেশের মধ্যে প্রযুক্তিগত ক্ষেত্রে ক্রমবর্ধমান সহযোগিতার উল্লেখ করে হেলবার্গ বলেন, কৃত্রিম মেধার ক্ষেত্রে প্রাক উদ্ভাবনী দৃষ্টিভঙ্গি উভয় দেশই গ্রহণ করার বিষয়ে সহমত হয়েছে।

(বাইট – হেলবার্গ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

গুগুল ও অ্যালফাবেট সংস্থার CEO সুন্দর পিচাই বলেছেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে আলঙ্কারিক ও প্রকৃত অর্থে যোগাযোগের সেতু হিসেবে কাজ করতে পেরে গুগুল গর্বিত। নতুন দিল্লিতে AI ইমপ্যাক্ট সামিটে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে প্যাক্স সিলিকা ঘোষণাপত্র স্বাক্ষর করার পর বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। ভবিষ্যতে AI-এর সর্বাত্মক ও রূপান্তরের ক্ষেত্রে ভারত – মার্কিন অংশীদারিত্ব এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে সুন্দর পিচাই মন্তব্য করেন। কৃত্রিম মেধার সুবিধা সর্বত্র ও সকলের কাছে পৌঁছে দিতে উভয় দেশের এক সঙ্গে কাজ করার বিষয়টি সুনিশ্চিত করতে হবে।

(বাইট – সুন্দর পিচাই)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তনীয় গুতেরেস আজ বলেছেন বিজ্ঞান ভিত্তিক প্রশাসন উন্নয়নকে কখনই বিঘ্নিত করে না বরং তা যে কোনো সমস্যার দ্রুত সমাধান করে। নতুন দিল্লিতে আজ এআই ইম্প্যাক্ট সাবমিট ২০২৬-এ বক্তব্য রাখতে গিয়ে মহাসচিব বলেন বিজ্ঞান ভিত্তিক প্রশাসন সেই

ক্ষেত্রগুলোকে চিহ্নিত করতে পারে যেখানে কৃত্রিম মেধা অত্যন্ত দ্রুত গতিতে ভালো কাজ করতে সমর্থ। তিনি আরো বলেন এআই, শ্রমের বাজারে শিশুদের ওপর ঝুঁকির কি প্রভাব পড়তে তার পূর্বাভাস দিতে পারে। কারচুপির বিষয়ে আগাম সতর্কতা দিতে পারে কৃত্রিম মেধা।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ ব্রাজিলের কৃষিমন্ত্রী কার্লস ফ্যাবারোর সঙ্গে বৈঠক করেন। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী চৌহান বলেন, ব্রাজিলের কৃষিমন্ত্রী ও তাঁর প্রতিনিধি দলের সঙ্গে কৃষিক্ষেত্র নিয়ে ইতিবাচক আলোচনা হয়েছে। ICAR ও তাঁর ব্রাজিলিও অংশীদার বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা করবে বলে তিনি জানান। ভারতে, প্রাকৃতিক ও জৈব চাষাবাদের ক্ষেত্রে ব্রাজিল বিশেষ আগ্রহ দেখিয়েছে। এই সমস্ত ক্ষেত্রে আলাপ আলোচনা চলছে বলে তিনি উল্লেখ করেন। ভারত বিভিন্ন ধরনের ডাল, তৈলবীজ ও সুসংহত কৃষিক্ষেত্রে দ্রুত কাজ করছে বলে শ্রী সিং মন্তব্য করেন। ব্রাজিল ভারতে একটি উৎকর্ষ কেন্দ্র গড়ে তুলতে আগ্রহী বলে কৃষিমন্ত্রী জানিয়েছেন।

ooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ত্রিপুরার আগরতলায় যৌথ আঞ্চলিক সরকারি ভাষা সম্মেলনের উদ্বোধন করবেন। ত্রিপুরায় এই ধরণের প্রথম সম্মেলনে পশ্চিমবঙ্গ, ওড়িশা, অসম, উত্তরপ্রদেশ সহ প্রায় ২০টি রাজ্যের প্রতিনিধিরা অংশ নেবেন। আলোচনায় হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষার ব্যবহার ও প্রচার, ভাষা-সম্পর্কিত চ্যালেঞ্জ মোকাবেলায় কৃত্রিম বুদ্ধিমত্তা এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করার ওপর আলোকপাত করা হবে।

ooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে  এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলা সুপ্রিমকোর্টে আজ ফের শুনানি হচ্ছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে এই মামলার শুনানি হতে চলেছে। এর আগে শীর্ষ আদালত গত ৯-ই ফেব্রুয়ারী SIR- চলাকালীন সংগঠিত হিংসার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা না নেওয়ায় রাজ্য পুলিশের মহা নির্দেশককে শোকজ করার পাশাপাশি ব্যক্তিগত হলফনামা তলব করে। একই সঙ্গে মাইক্রো অবজারভার হিসাবে ৮ হাজারের বেশি রাজ্যের গ্রুপ-বি আধিকারিককে নিযুক্ত করতে নির্দেশ দেওয়া হয়েছিল।

সুপ্রিম কোর্ট জানিয়েছিল রাজ্যে এস আই আর প্রক্রিয়া কোনভাবেই ব্যাহত করা যাবে না।

ooooooooooooooooooooooo

**নির্বাচন কমিশন, ২২ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী - এস আই আর এর প্রস্তুতির কাজ সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে। কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে চলতি বছর এপ্রিল মাস থেকে এই এস আই আর এর কাজ শুরু হওয়ার কথা। তার আগে এই রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের প্রাথমিক প্রস্তুতির কাজ সম্পূর্ণ করতে বলা হয়েছে।**

**এই রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চল গুলি হল অন্ধ্র প্রদেশ, অরুণাচল প্রদেশ, চণ্ডীগড়, দাদরা ও নগর হাভেলি, দমন ও দিউ, হরিয়ানা, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর, ঝাড়খণ্ড, কর্ণাটক, লাদাখ, মহারাষ্ট্র, মণিপুর, মেঘালয়, মিজোরাম , নাগাল্যান্ড, দিল্লী, ওড়িশা, পাঞ্জাব, সিকিম, ত্রিপুরা , তেলেঙ্গানা ও উত্তরাখন্ড।**

**উল্লেখ্য, বর্তমানে পশ্চিমবঙ্গ সহ ১২ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলে এস আই আর প্রক্রিয়া চলেছে।**

oooooooooooooooooooo

কেরালায় SIR প্রক্রিয়ার চূড়ান্ত ভোটার তালিকা আগামীকাল প্রকাশিত হবে। তাঁর আগে আজ সকালে তিরুবনন্তপুরমে মুখ্য নির্বাচনী আধিকারিক এক সর্বদলীয় বৈঠক করবেন। কেরালার মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, সংশোধন প্রক্রিয়ায় রাজ্য জুড়ে ৩৮ লক্ষ ৮৮ হাজার ৯৪৮ জন ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে।

oooooooooooooooooooooooo

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের পৌরহিত্যে ওয়াশিংটন ডিসি-তে ‘বোর্ড অফ পিস’-এর প্রথম বৈঠক শেষ হয়েছে। বৈঠকে মার্কিন রাষ্ট্রপতি ঘোষণা করেছেন যে, গাজা ত্রাণ প্যাকেজের জন্য সদস্য দেশগুলো থেকে ৭০০ কোটি মার্কিন ডলারের বেশী অর্থ বরাদ্দ করা হয়েছে। সর্বসম্মতভাবে এই প্রস্তাবে ছাড়পত্র দেওয়া হয়েছে বলেও ট্রাম্প জানিয়েছেন। তিনি বলেন, গত অক্টোবরে যুদ্ধবিরতির পর থেকে মার্কিন যুক্তরাষ্ট্র ও সহযোগী দেশগুলি, গাজায় বিপুল পরিমাণ মানবিক সহায়তা পৌঁছে দিয়েছে।

রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদ গত নভেম্বরে সর্বসম্মতভাবে ‘বোর্ড অফ পিস’-এর অনুমোদন দিয়েছে বলে ট্রাম্প জানিয়েছেন। ইতমধ্যেই ২০ টির বেশী দেশ এই নতুন সংগঠনে যোগ দিয়েছে।

oooooooooooooooooooooo

ভারতের আবহাওয়া দফতর, আইএমডি আগামী দু- তিন দিন কেরালা এবং মাহের বিভিন্ন স্থানে বজ্রপাতের পূর্বাভাস দিয়েছে। দেশের উত্তর-পশ্চিম এবং মধ্য অংশে, আগামী তিন দিন সর্বোচ্চ তাপমাত্রা ধীরে ধীরে ৩ থেকে ৪ ডিগ্রি সেলসিয়াস বাড়বে। পশ্চিম শ্রীলঙ্কা উপকূল এবং দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরের কিছু জায়গায় ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আইএমডি।

ooooooooooooooooooo

টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে আজ শ্রীলঙ্কার পাল্লেকেলে স্টেডিয়ামে গ্রুপ বি-র শেষ ম্যাচে অস্ট্রেলিয়া, ওমানের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যে ৭-টায়। এরমধ্যেই সুপার এইটের আট দল নির্ধারিত হয়েছে। আগামীকাল কলম্বোর আর. প্রেমাদাসা ক্রিকেট স্টেডিয়ামে নিউজিল্যান্ড এবং পাকিস্তানের ম্যাচ দিয়ে শুরু হবে সুপার এইটের খেলা। গতকাল, চেন্নাইতে গ্রুপ ডি-এর শেষ ম্যাচে আফগানিস্তান ৮২ রানে কানাডাকে পরাজিত করে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooo